87

দৈনিক সংবাদ

তারিখ JUL 3 1999
পৃঃ 2 কলাম 7

'অরুণোজ্জ্বল গাজীপুর'

# লক্ষাধিক নারী পুরুষ অংশ নিল পরীক্ষায়

গাজিপুর, ২রা জুলাই (নিজস্ব সংবাদ-দাতা)।- গাজিপুর জেলাকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে 'অরুণোজ্জ্বল' গাজিপুর' কর্মসূচির আওতায়, ৬ মাস মেয়াদি পাঠগ্রহণশেষে আজ জেলার সদর থানা ও কাপাসিয়া থানায় চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সদর থানার ১শ' ৮৩টি এবং কাপাসিয়া থানার ১শ' ৭৯টি পরীক্ষা কেন্দ্রে যথাক্রমে ৬৫ হাজার ৭শ' ৩০ জন এবং ৬৬ হাজার ১শ' ৯৭ জন নারী-পুরুষ বিপুল উৎসাহ-উদ্দীপনা সহকারে আজ দু'বেলা অনুষ্ঠিত চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করে।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় আজ দিনব্যাপী ২টি থানার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তার সঙ্গে ছিলেন স্থানীয় সংসদ সদস্য মোঃ আহসানউল্লাহ, গাজিপুরের জেলা প্রশাসক মোঃ শামসুল হক, গাজিপুর পৌরসভার চেয়ারম্যান আ. ক. ম মোজাম্মেল হক, সদর থানা নির্বাহী অফিসার বেগম শামসুন নাহারসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মহিলাদের এবং বিকেল ৩-৩০ থেকে ৫-৩০ পর্যন্ত পুরুষ শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হয়। অব্যাহত বৃষ্টিপাতকে উপেক্ষা করে হাজার হাজার মহিলা ও পুরুষ শিক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়। এবং বেঞ্চে আসন না পেয়ে অনেককেই চটে বসে পরীক্ষা দিতে দেখা যায়। প্রতিটি কেন্দ্রেই লক্ষ্য করা যায় অভূতপূর্ব উৎসাহ-উদ্দীপনা। বিশেষত বয়স্ক পুরুষ ও গৃহিণীরা ব্যাপক আগ্রহ সহকারে পরীক্ষা কেন্দ্রগুলোতে উপস্থিত হন। অনেকের সঙ্গে কোলের শিশুও ছিল। এছাড়া পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের উপস্থিতিতে প্রতিটি কেন্দ্রেই ব্যাপক উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

গাজিপুর জেলায় সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচির আওতায় জেলার ১১-৪৫ বছর বয়সী মোট ৩ লাখ ২২ হাজার ৯শ' ৬৪ জন নিরক্ষর-পুরুষকে গত জানুয়ারি মাস থেকে চালু এ কর্মসূচির আওতায় আনা হয়েছে। আজকে ২টি থানায় চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা সমাপ্ত হওয়ায় জেলার মোট ৩টি থানা নিরক্ষরমুক্ত হলো। বাকি ৩টি থানা ও ২টি পৌরসভায় চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা গ্রহণ সমাপ্ত হলে আগামী ডিসেম্বর মাসের মধ্যেই পুরো গাজিপুর জেলা নিরক্ষরমুক্ত হবে বলে আশা করা যাচ্ছে।